

আমার নাইবা হল পারে যাওয়া ।
 যে হাওয়াতে চলত তরী অঙ্গেতে সেই লাগাই হাওয়া ॥
 নেই যদি বা জমল পাড়ি ঘাট আছে তো বসতে পারি ।
 আমার আশার তরী ডুবল যদি দেখব তোদের তরী-বাওয়া ॥
 হাতের কাছে কোলের কাছে যা আছে সেই অনেক আছে ।
 আমার সারা দিনের এই কি রে কাজ— ওপার-পানে কেঁদে চাওয়া ।
 কম কিছু মোর থাকে হেথা পুরিয়ে নেব প্রাণ দিয়ে তা ।
 আমার সেইখানেতেই কল্পলতা যেখানে মোর দাবি-দাওয়া ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Baul Sur
 Visit www.geetabitan.com for notation and other detail